**THE WEST BENGAL COUNCIL OF RABINDRA OPEN SCHOOLING**

**UCHCHA MADHYAMIK PARIKSHA, 2024**

# পশ্চিমবঙ্গ রবীন্দ্র মুক্তবিদ্যালয় সংসদ

## উচ্চমাধ্যমিক পরীক্ষা, ২০২৪

বাংলা

**Bengali**

**সময় ঃ ৩ ঘণ্টা ১৫ মিনিট** **পূর্ণমান ঃ ৮০**

**Time : 3 Hours 15 Minutes** **Full Marks : 80**

## পরীক্ষার্থীদের প্রতি সাধারণ নির্দেশ
## (General Instructions for the Examinees)

সকল পরীক্ষার্থীকে নিজের নাম, ক্রমিক নম্বর ও নিবন্ধন নম্বর উত্তরপত্রে লিখতে হবে।
Candidates should write their Name, Roll No. and Registration No. in their respective answer scripts.

পরীক্ষার সময়ের প্রথম ১৫ মিনিট প্রশ্ন পড়ার জন্য।
প্রশ্নের উত্তর যথাযথ হওয়া দরকার।

First 15 Minutes are allotted for reading the question paper.
Answers should be in brief and to the point.

প্রতিটি উত্তরের প্রশ্নসংখ্যা খাতায় সঠিকভাবে লিখতে হবে।

Write correct question no. against each answer.

পরিমিত ও যথাযথ উত্তরের জন্য বিশেষ মূল্য দেওয়া হবে।
বানান ভুল, অপরিচ্ছন্নতা এবং অপরিষ্কার হস্তাক্ষরের ক্ষেত্রে নম্বর কাটা যাবে।
প্রান্তিক সংখ্যাগুলি প্রতিটি প্রশ্নের পূর্ণমান নির্দেশ করছে।

Special credit will be given for answers which are brief and to the point.
Marks will be deducted for spelling mistakes, untidiness and bad handwriting.
In the right side the marks of questions are given.

## বিভাগ-'ক'

(i) নীচের প্রশ্নগুলির সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো ঃ ১×১২=১২

১। নিরুপমার পিতা ছিলেন

(ক) সত্যসুন্দর (খ) রামসুন্দর

(গ) অপূর্ব (ঘ) শশীকান্ত

২। ভানুমতী কখনও যা করেনি

(ক) চা (খ) ভাত

(গ) মাংস (ঘ) পায়েস

৩। ''তিনি সব চিনিয়ে দেবেন''—কে চিনিয়ে দেবেন?

(ক) রাজ কবিরাজ (খ) মাধব দত্ত

(গ) অমল (ঘ) ঠাকুরদা

৪। বড়ো কর্তা নেমন্তন্ন করেছিলেন

(ক) ৮০০ জন (খ) ১০০০ জন

(গ) ১২০০ জন (ঘ) ১৫০০ জন

৫। গ্রামের জলাশয় ভরা আছে

(ক) পানায় (খ) মাছে

(গ) ডোবায় (ঘ) জঙ্গলে

৬। 'ছেলেটা' রবীন্দ্রনাথের কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?

(ক) আরোগ্য (খ) পুনশ্চ

(গ) সোনার তরী (ঘ) মানসী

৭। অমলকান্তি যা হতে চেয়েছিল—

(ক) বর্ষা (খ) মেঘ

(গ) রোদ্দুর (ঘ) বজ্র

৮। কবি যে চিঠি পেয়েছিলেন, তা হল

(ক) অতীত যুগের (খ) বর্তমান যুগের

(গ) ভাবী যুগের (ঘ) আসন্ন যুগের

৯। 'আরণ্যক' গল্পের লেখক—

(ক) বিভূতিভূষণ মুখোপাধ্যায় (খ) প্রেমেন্দ্র মিত্র

(গ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় (ঘ) রবীন্দ্রনাথ ঠাকুর

১০। 'দ্বিজ' শব্দের অর্থ

(ক) ব্রাহ্মণ (খ) দুবার জন্মানো

(গ) দান গ্রহণ করে যে (ঘ) অগ্রে জন্ম যার

১১। ভারতচন্দ্র সভাকবি ছিলেন

(ক) রাজা কৃষ্ণচন্দ্রের (খ) আকবরের

(গ) রাজা হরিশচন্দ্রের (ঘ) প্রতাপাদিত্যের

১২। লৌকিক ধর্ম প্রভাবিত মঙ্গলকাব্য—

(ক) মনসামঙ্গল (খ) চৈতন্যমঙ্গল

(গ) অন্নদামঙ্গল (ঘ) দুর্গামঙ্গল

**বিভাগ-'খ'**

(ii) নীচের *যেকোনো ছয়টি* প্রশ্নের উত্তর দাও ঃ ২×৬=১২

১। "ঐখানেতে হৃদয় আমার গেছে চুরি" — কোথায় কবির হৃদয় চুরি গেছে?

২। "ছেলেটার বয়স হবে বছর দশেক" — এই ছেলেটা কোথা থেকে পড়ে যায়? তার ফলে তার কী হয়?

৩। "আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে..." — কবি কীসের কীসের রূপে ফিরে আসতে চান?

৪। মোহ বলতে রবীন্দ্রনাথ ঠাকুর কী বুঝিয়েছেন?

৫। কবি বৃন্দাবন দাসের লেখা কাব্যের নাম কী? এটি ক-টি খণ্ডে বিন্যস্ত?

৬। অপিনিহিতর চারটি উদাহরণ দাও।

৭। আদি স্বরলোপ কাকে বলে? উদাহরণ দাও।

৮। কনফুসিয়াস কে ছিলেন?

**বিভাগ-'গ'**

১। *যেকোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) "ওরে নবীন, ওরে আমার কাঁচা"— কবি নবীনদের আর কী কী নামে অভিহিত করেছেন এবং কীভাবে তাদের বাঁচাতে বলেছেন? ২+৩

(খ) "গাহি সাম্যের গান" — কবি কোথায় কোথায় এসে সাম্যের গান গাইতে চান? ২+৩

(গ) "এসেছে নতুন শিশু" — শিশুর জন্যে কী করতে হবে? তারা কীভাবে চলে যাবে? আর যারা থাকবে তারা কারা? ২+১+২

২। *যেকোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৫×২=১০

(ক) 'আরণ্যক' উপন্যাসে মানবপ্রেম ও প্রকৃতিপ্রেমের যে পরিচয় পাওয়া যায়, তা সংক্ষেপে লেখো।

(খ) পাশ্চাত্য সমাজ ও ভারতীয় সমাজের পার্থক্য কোথায়, তা বুঝিয়ে লেখো।

(গ) 'দেনাপাওনা' গল্পের নামকরণের সার্থকতা বিচার করো।

৩। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৬×১=৬

(ক) 'ডাকঘর' নাটকটি কী ধরনের নাটক? এই নাটকের কেন্দ্রীয় চরিত্র কে? আর চরিত্রটির ওপর সংক্ষেপে আলোকপাত করো। ১+১+৪

(খ) 'অমলকান্তি রোদ্দুর হতে পারেনি"—এই আক্ষেপের মধ্যে দিয়ে কবি কোন্ সত্যে পৌঁছতে চেয়েছেন?

৪। *যেকোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪×২=৮

(ক) মঙ্গল কাব্য কাকে বলে? এই কাব্যের এইরূপ নামকরণের কারণ কী? ২+২

(খ) চর্যাপদের আবিষ্কর্তা কে? নেপালি পুঁথিতে এর নাম কী ছিল? ২+২

(গ) 'মনসামঙ্গল' কাব্যের চারজন কবির নাম লেখো। এই কাব্যের আর-এক নাম কী? ৩+১

(ঘ) মধ্যযুগের বাংলা সাহিত্যের ইতিহাসে 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যকে যে কারণে আমরা গুরুত্ব দিয়ে থাকি, তার দুটি কারণ উল্লেখ করো। ২+২

(ঙ) 'শ্রীরামপাঁচালী' ক-টি কাণ্ডে বিভক্ত? কাণ্ডগুলির নাম লেখো। ১+৩

(চ) চণ্ডীদাসকে কীসের কবি বলে আখ্যা দেওয়া হয়? তাঁর লেখা নিম্নের পদটি ব্যাখ্যা করো— ১+৩

"সই কে বা শুনাইল শ্যাম নাম।
কানের ভিতর দিয়া মরমে পশিল গো—"

৫। *যেকোনো একটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪×১=৪

(ক) বর্তমানে সারা ভারতবর্ষে অস্ত্রিক ভাষা ক-টি? এই ভাষাবংশের শ্রেণী বিভাজন লেখো। ২+২

(খ) কীলক লিপির এরূপ নামকরণের কারণ কী? এই লিপি সম্বন্ধে সংক্ষেপে লেখো। ১+৩

৬। *যেকোনো দুটি* প্রশ্নের উত্তর দাও ঃ ৪×২=৮

(ক) বর্ণ বিপর্যয় কাকে বলে? চারটি উদাহরণ দাও। ২+২

(খ) নাসিক্যভবন ও সমাক্ষর লোপ কাকে বলে? উদাহরণ-সহ ব্যাখ্যা করো।

(গ) রূপিমকে ক-টি ভাগে ভাগ করা যায়? তাদের শ্রেণিবিভাগ লেখো। ১+৩

(ঘ) শব্দার্থের উৎকর্ষ ও অপকর্ষের সংজ্ঞা-সহ উদাহরণ দাও। ২+২

৭। প্রদত্ত সূত্র অনুসরণে *যেকোনো একটি* বিষয় অবলম্বনে অনধিক ৩০০ শব্দে প্রবন্ধ লেখো ঃ ১০

(ক) ‘ভ্রমণের উপযোগিতা’
মানুষ কেন ভ্রমণে যায়— ভ্রমণের উপকারিতা কী— ভ্রমণকালে কী কী বিষয়ে সাবধানতা দরকার— উপসংহার

(খ) ‘ছাত্রজীবনে খেলাধুলার উপযোগিতা’
কেন ছাত্রজীবন খেলাধুলার উপযুক্ত সময়— এর উপকারিতা কী— এটি চরিত্র গঠনের সহায়ক কেন —উপসংহার

(গ) ‘জগদীশ চন্দ্র বসু’
তাঁর জন্ম কোথায় কবে হয়—তাঁর পিতা-মাতার নাম কী ছিল—শিক্ষাজীবন—কর্মজীবন—সম্মান লাভ—মৃত্যু।

(ঘ) নিম্নেপ্রদত্ত মানস মানচিত্র অবলম্বনে একটি প্রবন্ধ লেখো।

হারিয়ে যাওয়া কত রকমের হয়
↓
জীবনের মাঝখান থেকে হারিয়ে যাওয়ার আনন্দ
↓
এর থেকে কী অভিজ্ঞতা লাভ করা যায়
↓
মাঝে মাঝে হারিয়ে গেলে একঘেয়েমি দূর হয়
↓
অবসর বিনোদনের প্রকৃষ্ট উপায়
↓

নাম— ‘‘হারিয়ে যাওয়ার নেই মানা’’